# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৩৯

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক মাদীনাবাসীর জন্য তাদের খেজুরে বারাকাহর দু‘আ করা প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ دُعَاءِ الْمُصْطَفَى صلى الله عليه وسلم لِأَهْلِ الْمَدِينَةِ فِي تَمْرِهَا

আরবী

3739 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ: عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ قَالَ: كَانَ النَّاسُ إِذَا رَأَوَا الثَّمَرَ جَاؤُوا بِهِ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَإِذَا أَخَذَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قال: (اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي ثَمَرِنَا وَبَارِكْ لَنَا فِي مَدِينَتِنَا وَبَارِكْ لَنَا فِي صَاعِنَا وَمُدِّنَا اللَّهُمَّ إِنَّ إِبْرَاهِيمَ عَبْدُكَ وَخَلِيلُكَ وَنَبِيُّكَ وَإِنِّي عَبْدُكَ وَنَبِيُّكَ وَإِنَّهُ دَعَاكَ لِمَكَّةَ وَأَنَا أَدْعُوكَ لِلْمَدِينَةِ بِمِثْلِ مَا دَعَا بِهِ لِمَكَّةَ وَمِثْلُهُ مَعَهُ) ثُمَّ يَدْعُو أَصْغَرَ وَلِيدٍ يَرَاهُ فَيُعْطِيهِ ذلك الثمر.
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3739 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح الترغيب)) (11 ـ الحج/15 ـ في سكنى المدينة).

বাংলা

৩৭৩৯. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “লোকজন যখন তাদের গাছে নতুন ফল দেখতে পেতেন, তখন তারা সেটা নিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসতেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেটা গ্রহণ করে বলতেন, “হে আল্লাহ, আপনি আমাদের ফলে বারাকাহ দান করুন, আপনি আমাদের মদীনায় বারাকাহ দান করুন, আপনি আমাদের সা‘ ও মুদে বারাকাহ দান করুন। হে আল্লাহ, নিশ্চয়ই ইবরাহিম আলাইহিস সালাম, আপনার বান্দা, আপনার বন্ধু ও আপনার নবী ছিলেন। আর আমিও আপনার বান্দা, আপনার নবী। তিনি আপনার কাছে মক্কার জন্য দু‘আ করেছেন, আর আমি আপনার কাছে মাদীনার জন্য দু‘আ করছি যেরুপ তিনি মক্কার জন্য দু‘আ করেছেন, এবং তার সাথে আরো অনুরুপ (বারাকাহর

জন্য দু‘আ করছি)।” রাবী বলেন, “তারপর তিনি সবচেয়ে ছোট যে বালককে দেখতে পেতেন, তাকে ডেকে সেই ফল দিয়ে দিতেন।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৮৮৫; সহীহ মুসলিম: ১৩৭৩; তিরমিযী: ৩৪৫৪; বাগাবী: ২০১২; দারেমী: ২/১০৬-১০৭; ইবনু মাজাহ: ৩৩২৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহুত তারগীব: ১১, ১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93076

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন